# কঞ্চি কলম পদ্ধতিতে বাঁশ চাষ


## কঞ্চি কলম সংগ্রহ





- কলম কাটার জন্য সুস্থ, সবল, অপেক্ষাকৃত মোটা আকৃতির এক বছরের কম বয়সের বাঁশ নির্বাচন করুন।
- বাঁশের গা ঘেঁষে আঙ্গুলের মত মোটা কঞ্চি হাত করাত দিয়ে কেটে সংগ্রহ করুন।
- কঞ্চির গোড়া হতে ৩-৫ গিট বা দেড় হাত লম্বা করে কঞ্চি কলম কাটুন।
- সংগৃহীত কঞ্চিগুলি নার্সারি বেডে লাগানোর পূর্ব পর্যন্ত ভেজা চট দিয়ে মুড়িয়ে রাখুন অথবা পানিতে ভিজিয়ে রাখুন।
- কার্তিক হতে মাঘ (অক্টোবর হতে ফেব্রুয়ারির মাঝামাঝি) মাস বাদে সারা বছরই কঞ্চি কলম করা যায়। ফাল্গুন হতে আশ্বিন (ফেব্রুয়ারির মাঝামাঝি হতে সেপ্টেম্বর) মাস কঞ্চি কলম কাটার উপযুক্ত সময়।

## বালির বেড তৈরি



- চার ফুট চওড়া এবং প্রয়োজন মত লম্বা বালির বেড তৈরি করুন।
- বালির বেডের উচ্চতা বা পুরুত্ব কমপক্ষে ১০ ইঞ্চি হতে হবে।
- বালি সব রকমের আবর্জনা মুক্ত হতে হবে।
- বালির বেডের কিনার বাঁধার জন্য চারিদিক ইট বা তরজা ব্যবহার করুন অথবা সমতল মাটিতে বেডের আকৃতিতে মাটি কেটে আয়তকার ১০ ইঞ্চি গভীরতার ব্লক তৈরি করুন।
- মাটিতে কাটা ব্লকটি বালি দিয়ে ভরে দিন। এটি একটি বেড হয়ে গেল।

## বেডে কঞ্চি কলম রোপণ



- বালির বেডে কঞ্চিগুলি ২-৩ ইঞ্চি দূরত্বে সারিবদ্ধভাবে ৩-৫ ইঞ্চি গভীরে ভালভাবে বালি চেপে লাগান।
- বেডে কঞ্চি রোপণের পর হতে ২০-২৫ দিন পর্যন্ত দিনে ২-৩ বার ঝরনা দিয়ে পানি সেচ দিন।
- এ সময়ের মধ্যেই কঞ্চিতে নতুন শাখা-প্রশাখা ও পাতা গজিয়ে সম্পূর্ণ বেড সবুজ আকার ধারন করবে এবং কঞ্চি-কলমের গোড়ায় পর্যাপ্ত শিকড় গজাবে। তখন বেডে ধীরে ধীরে পানি সেচের পরিমাণ কমিয়ে দিন।

## কলম স্থানান্তর ও রোপণ





- শিকড়যুক্ত কলম পলিথিন ব্যাগ বা উপযুক্ত পাত্রে স্থানান্তর করুন।
  স্থানান্তর করার জন্য ৩:১ অনুপাতে মাটি-গোবর মিশ্রণ ব্যবহার করুন।
- প্রতিটি ব্যাগে বা পাত্রে একটি করে শিকড় গজানো কঞ্চি কলম স্থানান্তর করুন।
- ৭-১০ দিন কলমটি ছায়ায় রাখুন। এ সময় নিয়মিত দিনে একবার পানি দিন।
- এরপর ব্যাগগুলি সারিবদ্ধ ভাবে বেডে সাজিয়ে রাখুন। মাঠে রোপণের পূর্ব পর্যন্ত ব্যাগের আগাছা বাছাই করুন ও পরিমিত পানি দিন।
- বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে ১৫-২০ ফুট দূরত্বে দেড় ফুট গভীর ও এক ফুট চওড়া গর্তে কঞ্চি কলম মাঠে লাগিয়ে দিন।

**চার বছরে একটি কঞ্চিকলম ঝাড়ে পরিণত হয়**
**ছয় বছর হলে আপনি ঝাড় হতে বাঁশ আহরন করতে পারবেন।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**

**বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট**

ষোলশহর, চট্টগ্রাম। ফোন ঃ ০৩১-৬৮১৫৭৭, ০৩১-২৫৮০৩৮৮

ডিসেম্বর ২০১০ খ্রি.

Web site : www.bfri.gov.bd, E-mail : bfri_ttt@ctpath.net